দৈনিক ইনকিলাব

তারিখ ... ..MAY 1 0 1999 ..
পৃষ্ঠা ৩ কলাম ৫ ...

138

# মাদ্রাসা শিক্ষা ধ্বংসের জন্যই একজন ইসলাম বিরোধীকে শিক্ষামন্ত্রীর দায়িত্ব দেয়া হয়েছে

**–ওলামা দল**

প্রেস বিজ্ঞপ্তি ঃ জাতীয়তাবাদী ওলামা দলের আহবায়ক বিএনপির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আলহাজ্ব সৈয়দ নজিবুল বশর মাইজভান্ডারী, যুগ্ম আহবায়ক মাওলানা রফিকুল ইসলাম আরমানী এক যুক্ত বিবৃতিতে শিক্ষামন্ত্রী এসএইচকে সাদেকের মাদ্রাসা শিক্ষা বিরোধী কর্মকাণ্ডের তীব্র নিন্দা জানিয়ে তার পদত্যাগ দাবী করেছেন।

ওলামা দল নেতৃদ্বয় বিবৃতিতে বলেন, শেখ হাসিনা ধর্মীয় লেবাস পরে ক্ষমতায় এসে প্রথমেই আঘাত করেছে ধর্মীয় অনুভূতির ওপর। আর মাদ্রাসা শিক্ষা ধ্বংসের জন্য সুপরিকল্পিভাবে একজন ইসলামবিরোধী ধর্ম-কর্মহীন লোককে দায়িত্ব দিয়েছেন শিক্ষা মন্ত্রণালয়ের। যিনি ধর্মীয় শিক্ষার নাম শুনলে উন্মাদের মত আচরণ করেন।

নেতৃদ্বয় বলেন, গত কয়েক দিন পূর্বে প্রায় ১৪৫০টি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়েছে সেখানে ষড়যন্ত্রের মাধ্যমে স্বল্পসংখ্যক মাদ্রাসাকে অনুদানভুক্ত করা হয়েছে। যা মাদ্রাসা শিক্ষার সাথে শিক্ষামন্ত্রীর প্রকাশ্য শত্রুতার সামিল।